

আন্তর্জাতিক সুরক্ষা: এটি কী এবং এটি কীভাবে কাজ করে। ইতালিতে সঙ্গীহীন শিশুদের জন্য দিক নির্দেশনা।

১. এই লিফলেটটি কী সম্পর্কে?

১৮ বছরের কম বয়সী শিশু (তোমার মতো) যারা ইতালিতে আন্তর্জাতিক সুরক্ষার জন্য অনুরোধ করতে ইচ্ছুক তাদের জন্য কিছু গুরুত্বপূর্ণ তথ্য রয়েছে এই লিফলেটটিতে রয়েছে। ইতালির সকল সঙ্গীহীন শিশু এই অনুরোধটি করে না কারণ এটি নির্ভর করে ব্যক্তিগত জীবনের বিশেষ গল্পের উপর। তোমার অভিভাবককে (ইতালি ভাষায় তুতারি) তোমার অবস্থার কথা জানাও, যাতে করে তোমরা একসাথে মিলে সিদ্ধান্ত নিতে পার যে তোমার জন্য কোন অপশনটি সবচেয়ে ভালো হবে।

তোমার অভিভাবক কে?

একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তি যিনি তোমার জন্য দায়বদ্ধ এবং ইতালিতে তোমার এই অবস্থায় তোমাকে দিকনির্দেশনা দেয়। যখন তোমার পিতামাতা তোমার দায়িত্ব নিতে পারে না তখন বিচারক তোমার জন্য একজন অভিভাবক নিযুক্ত করে থাকেন। এক্ষেত্রে বিচারকের কিছুটা সময় প্রয়োজন হতে পারে, তাই এই সময়ের মধ্যে তুমি যে সেন্টারে থাকো সেখানকার ম্যানেজার তোমার অভিভাবক হিসেবে দায়িত্ব পালন করবেন। তোমার জন্য নেওয়া প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত যেমন তুমি আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করবে কি করবে না সে বিষয়ে তার সাথে কথা বলতে পার।

২. আন্তর্জাতিক সুরক্ষা কী?

যদি তোমার দেশ তোমাকে সুরক্ষা প্রদান করতে না পারে বা না চায়, ইতালি তোমাকে আন্তর্জাতিক সুরক্ষা প্রদান করবে। যদি তুমি এই বিষয়ে ভীতসন্ত্রস্ত থাকো যে তুমি যদি তোমার জন্মভূমিতে ফিরে যাও তাহলে সেখানে যুদ্ধ বা সহিংসতার কারণে বিপদে পড়তে পারো বা তোমার অধিকারের কোনো মূল্য দেওয়া হবে না, এসব ক্ষেত্রে তুমি তোমার অভিভাবক বা আইনি কর্মকর্তার সাথে কথা বলতে পারো। তোমার জন্য কোনটি সবচেয়ে ভালো হবে সে ব্যাপারে তাদের কাছে জানতে চাও এবং আন্তর্জাতিক সুরক্ষার জন্য অনুরোধ করার কাজটি সঠিক হবে কি না সে ব্যাপারেও তাদেরকে জিজ্ঞাসা করো।

সেন্টারের কর্মকর্তা: তুমি সেন্টারে থাকো অবস্থায় এর কর্মকর্তাগণ তোমার দেখাশোনা এবং যত্নের দায়ভার নিবেন: তুমি বিভিন্ন ধরনের দক্ষ ব্যক্তি যেমন আইনি বিশেষজ্ঞ, চিকিৎসক, মনোবিজ্ঞানী, সমাজকর্মীর সহয়তা নিতে পারো যারা সেখানে থাকাকালীন তোমাকে সহায়তা করতে পারবে এবং তোমাকে দিকনির্দেশনা দিতে পারবে।

সেন্টারে তোমার জন্য অনুবাদক: যে সেন্টারে তুমি আছ, সেখানে তোমার জন্য একজন অনুবাদক থাকবেন যিনি তোমাকে অন্য ভাষাভাষীদের সাথে অনুবাদ করার মাধ্যমে তোমাকে যোগাযোগ করতে সহায়তা করবেন।

নিম্নোক্ত কোনো কারণে যদি তুমি তোমার জন্মভূমিতে ফিরে যেতে না পারো বা না চাও, তাহলে তুমি

আন্তর্জাতিক সুরক্ষা পেতে পারো



তুমি এমনটা আশংকা করো যে তোমার ইচ্ছার বিরুদ্ধে তোমাকে দিয়ে কিছু করানো হবে



তোমাকে হত্যা করা হবে এমন ভয় করলে



তোমাকে জোরপূর্বক কোনো সশস্ত্র বাহিনী বা সামরিক বাহিনীতে নিয়োগ দেওয়ার ভয় থাকলে



তোমার ক্ষতি করতে পারে এমনটি আশঙ্কা করলে



তোমাকে জোরপূর্বক পতিতাবৃত্তিতে সম্পৃক্ত করার আশঙ্কা থাকলে



তোমার বাবা-মায়ের কাছ থেকে তোমাকে জোরপূর্বক আলাদা করে দেওয়া হবে এমন বিষয়ে ভীত হলে



তুমি চাও না এমন কোনো ব্যক্তির সাথে তোমার বিয়ে দিয়ে দিতে পারে এমন বয় থাকলে



যৌন হয়রানির ভয় থাকলে



যৌনাঙ্গহানীর আশংকা থাকলে



তোমাকে দাস বানানো হবে এমন ভয় থাকলে



তুমি যেভাবে আছ বা যেমন আচরণ করো তার জন্য সংঘর্ষ বা বৈষ্যমের সম্ভাবনা থাকলে

মনে রাখবে: তুমি অবশ্যই তোমার অভিভাবকের সাথে একত্রিত হয়ে আলোচনা করে সিদ্ধান্ত নিবে যে এটি তোমার জন্য সবচেয়ে ভালো হবে কি না। এই লিফলেটটিও তোমার অভিভাবকের সাথে মিলে পড়বে!

এখন তুমি নিরাপদ জায়গায় আছ, তাই তোমার উচিত বিশ্রাম করা এবং তোমার শক্তি পুনরুদ্ধার করা। এই সময়টি তোমার অনুভূতি প্রকাশে ব্যয় কর - দেখবে প্রকৃতিগত কারণেই এটি তোমাকে ভালো বোধ করতে সহায়তা করবে।

তুমি বিশ্বাস করো এমন একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তি - সেন্টারের কর্মকর্তা, তোমার অভিভাবক বা তোমার শিক্ষক বা অন্য কোনো প্রাপ্তবয়স্ক ব্যক্তি যাকে তুমি বিশ্বাস করো এমন কারো সাথে কথা বলতে পারো। যদি তুমি মনে কর যে তুমি কথা বলতে পারবে না, তাহলে তোমার চিন্তাগুলো লিখতে বা আঁকতে চেষ্টা করো।

ইতালির ভাষা শিখলে অন্যদের সাথে কথাপকথন এবং তুমি যে কাজগুলো করতে আনন্দ বোধ করো সেগুলোর ক্ষেত্রে অনেক সহায়ক হবে।

৩. আমি কীভাবে আন্তর্জাতিক সুরক্ষার জন্য অনুরোধ করব?

যখন তুমি এবং তোমার অভিভাবক সিদ্ধান্ত নিবে যে আন্তর্জাতিক সুরক্ষাই তোমার জন্য উত্তম, সেক্ষেত্রে তোমাকে অনুরোধটি প্রস্তুত করতে হবে। প্রক্রিয়া চলাকালীন এটি অত্যাবশ্যকীয় যে তুমি এই কাজে সম্পৃক্ত ব্যক্তিদের কাছে সব সত্য কথা বলবে - তুমি যদি না চাও তাহলে তারা তোমার এই তথ্যগুলো অন্য কারো সাথে আলোচনা করা থেকে বিরত থাকতে বাধ্য। সেন্টারের কর্মকর্তা এবং তোমার অভিভাবক তোমার কেসের সমস্ত প্রশাসনিক প্রক্রিয়া অনুসরণ করবে।

আবেদন

আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন অবশ্যই পুলিশ স্টেশনে গিয়ে করতে হবে (ইতালির ভাষায় কোয়েশ্চুরা)।

তোমার গল্প, তোমার জীবন, তোমার পরিবার এবং কোন ঘটনার প্রেক্ষিতে তুমি ইতালিতে এসেছ এগুলো বোঝার জন্য তোমাকে অনেক প্রশ্ন করা হবে। তোমার উত্তরগুলো C3 ফরমে লেখা হবে এবং এইগুলোর ভিত্তিতে তারা সিদ্ধান্ত নিবেন যে তোমার জন্য কোন অপশনটি উপযুক্ত হবে।

মনে রেখ, তুমি যে তথ্যগুলো তাদেরকে দিচ্ছ তার ভিত্তিতেই তোমাকে সবচেয়ে উপযুক্ত সমাধান দেওয়া হবে।

এই পর্যায়ে এসে তুমি কেন তোমার জন্মভূমিতে ফিরে যেতে ভয় পাও সেই কারণ উল্লেখ করা জরুরি। এটি তোমার জীবনের গল্প লিখতে সহায়তা করবে (বা অন্য কাউকে লেখার জন্য বলতে পার) এবং তোমার কাছে যদি কোনো সহায়ক কাগজপত্র থাকে তাহলে তা তাদেরকে দিবে।



মৌখিক পুলিশ ফোর্স: আইন প্রয়োগ ও সুরক্ষা প্রদান ব্যতিরেকে, অভিবাসীদের শনাক্তকরণ এবং তাদেরকে বসবাসের অনুমতি দেওয়ার ব্যাপারে পুলিশ ফোর্সও কাজ করে থাকে, একই সাথে আন্তর্জাতিক সুরক্ষার ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ অবদান রাখে।

তোমার অভিভাবক তোমার পাশে থাকবে এবং C3 ফরম পূরণে তোমাকে সহায়তা করবে। তুমি যে ভাষায় বুঝতে পারো, একজন পুলিশ অনুবাদক তোমাকে সেই ভাষায় অনুবাদ করে দিবে। যদি তোমার বয়স ১৪ বছরের বেশি হয়ে থাকে তাহলে তারা তোমার আঙ্গুলের ছাপ নিবে।

অন্য কোনো ইউরোপিয়ান দেশে কি তোমার কোনো আত্মীয় আছে?

যদি অন্য কোনো ইউরোপিয়ান দেশে তোমার কোনো আত্মীয় থাকে তাহলে ডাবলিন রেগুলেশন আইন অনুযায়ী তারা তোমাকে নিরাপদে ও আইনগতভাবে তাদের কাছে পৌঁছানোর ব্যবস্থা করে দিবে। যদি তুমি তাদের সাথে থাকতে চাও তাহলে এটি তোমার পক্ষে কাজ করতে পারে কি না তা দেখতে তোমার অভিভাবক বা আইনজীবীকে জানাও। কিছু কিছু ক্ষেত্রে, তুমি ইতালিতে অ্যাসাইলামের জন্য অনুরোধ করে থাকলে এবং তোমার আঙ্গুলের ছাপ নেওয়া হলেও ডাবলিন রেগুলেশন অনুযায়ী তুমি ইতালি থেকে অন্য কোনো ইউরোপিয়ান দেশে যেতে পারবে।



তোমার আন্তর্জাতিক সুরক্ষা অনুরোধের মূল্যায়ন

কোয়েস্ট্রারে আন্তর্জাতিক সুরক্ষার জন্য অনুরোধ করার পর, একটি দল সেটি পর্যালোচনা করে দেখবে। তোমার তথ্য জরুরি তাই তোমাকে শুনানি বা সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। সাক্ষাৎকারের সময় স্থানভেদে পরিবর্তিত হতে পারে এবং কিছুটা সময় সাপেক্ষও হতে পারে। সেন্টারের কর্মকর্তাদের জিজ্ঞাসা করো যে তোমাকে কতক্ষণ অপেক্ষা করতে হতে পারে।

যারা তোমার কেসের শুনানিতে থাকবেন তারা আন্তর্জাতিক সুরক্ষা স্বীকৃতির টেরিটোরিয়াল কমিশন (ইতালি ভাষায় সংক্ষেপে বলে কমিশনি) এর সদস্য।

সাক্ষাৎকারের অপেক্ষায় থাকাকালীন তোমার কেসের বিষয়ে সেন্টারের কর্মকর্তা এবং তোমার অভিভাবকের সাথে কথা বলা গুরুত্বপূর্ণ, যাতে তোমার জীবনের গুরুত্বপূর্ণ বিষয়গুলো বেরিয়ে আসে।

যদি তুমি এখনো না লিখে থাক তবে এখনই তোমার জীবন কাহিনী লিখে ফেলো; এটি তোমার স্মৃতিগুলোকে মনে করিয়ে দিবে এবং কমিশনকে তোমার অ্যাসাইলামের অনুরোধ সম্পর্কে বুঝতে সাহায্য করবে। সহায়তার প্রয়োজন হলে দ্বিধা করবে না।

৪ জন ব্যক্তি নিয়ে টেরিটোরিয়াল কমিশন গঠিত যারা একসাথে মিলে তোমার কেসের ব্যাপারে সিদ্ধান্ত নিবেন। তাদের মধ্যে একজন তোমার জীবনের গল্প শুনবে। যদি তুমি মনে করো যে সকলে মিলে তোমার জীবনের গল্প শুনলে ভালো হবে তাহলে তুমি সবাইকে শোনার জন্য অনুরোধ করতে পার। তোমার অভিভাবকের সাথে এটি নিয়ে কথা বলা।

সাক্ষাৎকার

সাক্ষাৎকারের সময়, তুমি মুখোমুখি বসে তোমার জীবনের কাহিনী বিস্তারিত বলতে পার। তোমার পরিবার, তোমার জন্মভূমিতে তোমার জীবন সম্পর্কে, তোমার যাত্রা, তোমার দেশ ত্যাগের কারণ এবং বিশেষ করে কেন তুমি ফিরে যেতে পারছ না বা যেতে চাইছো না সে সম্পর্কে বলা গুরুত্বপূর্ণ। যদি তুমি মেয়ে হয়ে থাকো এবং তোমার মনে হয় যে মেয়ে হওয়ার কারণে তুমি বিশেষ কোনো ঝুঁকির সম্মুখীন হতে পারো তাহলে নিশ্চিতভাবে তা বলা। এছাড়াও যদি আরো অন্য কোনো গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে বলতে চাও তাহলে সাক্ষাৎকারের সময় তা নিশ্চিতভাবে জানাবে।

যে সকল ব্যক্তি তোমার কথা শুনছে তাদের অবশ্যই তোমার জীবনের গল্প ভালো করে বুঝতে হবে এবং এ কারণে তারা তোমাকে অনেক প্রশ্ন করতে পারে। এটি তোমার ঘটনার ভিত্তিতে তোমাকে যতটা সম্ভব সকল বিষয়ে বিস্তারিত প্রদান করতে সহায়তা করবে এবং তোমার জন্য সঠিক সিদ্ধান্ত নিবে।

যদি তুমি কোনো প্রশ্ন বুঝতে না পারো তাহলে সেটি বল এবং পুনরায় বলতে বলা। যদি তোমার বিরতির প্রয়োজন হয় তাহলে নিশ্চিতভাবে তা বলা।

সবসময় যতটা সম্ভব সুস্পষ্ট থাকার চেষ্টা করবে। তুমি যে প্রশ্নপত্রটিতে অন্যান্যদের চেয়ে আরো ভালোভাবে এসেছে তা সম্পর্কে তুমি জান; যতটা সম্ভব যথাযথ ব্যাখ্যা দেওয়ার চেষ্টা করো কারণ সাক্ষাৎকারের সময় সমস্ত কিছু বেরিয়ে আসা গুরুত্বপূর্ণ। তোমার জীবনের বেদনাদায়ক মুহূর্তগুলি সম্পর্কে কথা বলা কঠিন হতে পারে কিন্তু এটি তোমার জন্য একটি সিদ্ধান্তমূলক প্রক্রিয়া।

যদি এমন বিষয় থাকে যে বিষয়ে তুমি কথা বলতে চাও না, সেটিও তোমার বলা উচিত।

তোমার বোঝার মতো একটি ভাষায় যোগাযোগ করতে তোমাকে সাহায্য করার জন্য সাক্ষাৎকার চলাকালীন সময়ে একজন অনুবাদক থাকবে। একজন অনুবাদক অবশ্যই তুমি যা বলবে তা অনুবাদ করবেন এবং চূড়ান্ত সিদ্ধান্তে অংশ নেবেন না। যদি তুমি মনে করো যে সাক্ষাৎকারের সময় তুমি যা বলছো তা অনুবাদক সঠিকভাবে অনুবাদ করছে না তাহলে তা তোমার কাছাকাছি থাকা অভিভাবকের পাশাপাশি তোমার সাক্ষাৎকার গ্রহণকারীকে জানাও।

মনে রাখবে যে তুমি যদি চাও সাক্ষাৎকারে তোমার অভিভাবক, অনুবাদক এবং সাক্ষাৎকার গ্রহণকারী ছাড়াও তোমার সমাজকর্মী, আইন উপদেষ্টা বা মনোবিজ্ঞানীর মতো বিশেষজ্ঞের কাছে তোমার অবস্থার আরো ভালভাবে ব্যাখ্যা করার ক্ষেত্রে সহায়তার জন্য সেখানে তাদের উপস্থিত থাকা প্রয়োজন তাহলে তা চাইতে পারো। তুমি যদি মেয়ে হয় থাক তাহলে সম্ভব হলে একজন মহিলা সাক্ষাৎকার গ্রহণকারী চাইতে পারো।

সাক্ষাৎকারের শেষে তোমার বলা সবকিছুই একজন অনুবাদকের দ্বারা পাঠ করে তোমাকে শোনানো হবে যেটি ট্রান্সক্রিপ্ট (ভার্বেল, ইতালিয়ান) নামক নথিতে লিখিত।

যা লিখিত আছে তা বলা হয়েছিল সেটি নিশ্চিত করার জন্য তোমাকে এই নথিতে স্বাক্ষর করতে বলা হবে। সুতরাং এমন কিছু যদি থাকে যা তুমি বুঝতে না পারো বা যেটি তোমার বলা কথা মনে হয় না তাহলে সে বিষয়ে তোমার বলা উচিত। এছাড়াও তুমি ট্রান্সক্রিপ্টটি সংশোধন করার জন্য অথবা আরো কিছু তথ্য যোগ করতে বলতে পারো। তোমার অনুমতি ছাড়া অন্যান্যদের কাছে তোমার বলা কোনো কিছুই জানানো হবে না।

সাক্ষাৎকার গ্রহণকারী: কমিশনের একজন ব্যক্তি যিনি আপনার গল্প শুনবেন। কমিশনে তিনি অন্যান্যদের কাছে তোমার গল্পের ব্যাখ্যা করবেন এবং যারা তোমার কেসের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

অনুবাদক: কমিশনের অংশ নয়। তিনি এমন একজন ব্যক্তি যিনি তোমার ভাষায় কথা বলেন এবং সাক্ষাৎকারের সময় তোমাকে কথোপকথন করতে সহায়তা করে থাকেন।

সহায়ক ব্যক্তি: এমন ব্যক্তি যিনি প্রয়োজনে সাক্ষাৎকারের সময় তোমাকে সাহায্য করতে পারেন। তাদের উপস্থিতি থাকা বা না থাকা তোমার উপর নির্ভর করবে।

সিদ্ধান্ত

টেরিটোরিয়াল কমিশন তোমার পরিস্থিতি অনুযায়ী তোমাকে সবচেয়ে ভালো মানের সুরক্ষা প্রদানের সিদ্ধান্ত নিবেন। তুমি যুদ্ধ থেকে পলাচ্ছ বা অন্য নির্দিষ্ট, স্বতন্ত্র কারণে পালিয়ে যাচ্ছ কি না তার উপর নির্ভর করে তিন ধরনের সুরক্ষা ব্যবস্থা রয়েছে। আরো তথ্যের জন্য আইনজীবীকে জিজ্ঞাসা করো।

কমিশন তোমাকে কোনো প্রকার সুরক্ষা না দেওয়ার সিদ্ধান্তও নিতে পারেন।

মনে রাখবে যে তুমি যদি কমিশনের কাছ থেকে নেতিবাচক কোনো সিদ্ধান্ত পাও বা তুমি কমিশনের কাছে যা প্রত্যাশা করেছিলে তা থেকে ভিন্ন ধরনের সুরক্ষা পাও তাহলে তুমি সেই সিদ্ধান্তের বিরুদ্ধে **আপীল** করতে পারো। এটি তোমার পক্ষে সেরা সমাধান হতে পারে কি না তা দেখার জন্য তোমার অভিভাবক ও আইনজীবীদের সাথে কথা বলা।

৪. সহায়তা ও দরকারী যোগাযোগের বিস্তারিত তথ্য

তুমি যদি তোমার অধিকার দাবি করতে চাও অথবা তুমি যদি ভীত হও যে তোমার অধিকারকে সম্মান করা হচ্ছে না তাহলে সেন্টারের কর্মী বা তোমার অভিভাবকের মতোই তুমি বিশ্বাস করো এমন প্রাপ্তবয়স্কদের সাথে সেটি নিয়ে কথা বলতে পারো।

তোমার আইনি পরামর্শদাতা হলেন প্রথম ব্যক্তি যিনি তোমার কেস সম্পর্কে কথা বলবেন।